Government of West Bengal
Office of the Block Development Officer
Kakdwip Development Block
Vill. +P.O.-Pukurberia, P.S.-Kakdwip
South 24 Parganas, PIN-743347
Phone No-8335079067, 02310-255126
Email:-bdo.kakdwip@gmail.com

পশ্চিমবঙ্গ সরকার
সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ
কাকদ্বীপ সমষ্টি উন্নয়ন
গ্রাম + পোষ্ট - পুকুরবেড়িয়া, থানা – কাকদ্বীপ,
জেলা – দক্ষিন ২৪ পরগনা, পিন – ৭৪৩৩৪৭
দুরাভাষ – ৮৩৩৫০৭৯০৬৭, ০৩২১০-২৫৫১২৬
ই-মেইল : bdo.kakdwip@gmail.com

স্মারক সংখ্যা:- ১৭০৪/BDO/KDP/2024 তারিখ: ০৫/০৯/২০২৪

## বিজ্ঞপ্তি

রাজ্য মিশন অধিকর্তা, জাতীয় গ্রামীন স্বাস্থ্য মিশন -এর ২৭.০৬.২০১২ তারিখের, পত্রনম্বর : HFW/NRHM-20/2006/(Part II)/1631 ও পত্রাঙ্ক নং HFW-27011/216/2018-NHM SEC-Dept. of H&FW/Pt. (I)/679 Dated-20/02/2023 এর আদেশনামা অনুযায়ী দক্ষিণ ২৪ পরগণা জেলার **কাকদ্বীপ মহকুমার** অর্ন্তগত **কাকদ্বীপ ব্লকের** নিম্নলিখিত উপস্বাস্থ্যকেন্দ্রের (সংযোজনী – ৩ দ্রষ্টব্য) **Accredited Social Health Activist** - (**ASHA**)নিয়োগের উদ্দেশ্যে ঐ এলাকার অর্ন্তগত গ্রামগুলিতে মহিলা প্রার্থীদের কাছ থেকে উক্ত পদের জন্য নির্দিষ্ট আবেদনপত্রে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

শর্তাবলী :-

১) কেবলমাত্র বিবাহিতা / বিধবা / আদালত কর্তৃক ডিক্রিমূলে বিবাহ বিচ্ছিন্না মহিলারাই আবেদন করতে পারেন।

২) আগ্রহী প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট পরিষেবা প্রদানের এলাকার বাসিন্দা হতে হবে।

৩) সাধারণ প্রার্থীর বয়স ০১ /০১ /২০২৪ তারিখে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তপশিলী জাতি, তপশিলী উপজাতিভুক্ত প্রার্থীদের বয়ঃসীমা ঐ তারিখে ২২ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

৪) প্রার্থীকে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় অবতীর্ণ হতে হবে, মাধ্যমিক বা সমতুল্য অনুত্তীর্ণ প্রার্থীরাও আবেদনকারী হিসাবে বিবেচিত হবেন। উচ্চতর শিক্ষাগত যোগ্যতার প্রার্থীরাও আবেদনকারী হিসাবে বিবেচিত হবেন, এক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় প্রাপ্ত নম্বরই বিচার করা হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকা প্রার্থীদের উচ্চশিক্ষার মূল্যায়নের কোন সুবিধা থাকবে না।

৫) গ্রেড ওয়ান এবং গ্রেড টু, স্বনির্ভর গোষ্ঠীর সদস্যা, প্রশিক্ষণ প্রাপ্ত দাই , লিংক ওয়ার্কারগন সকলেই বিভাগীয় শংসাপত্র দাখিল করলে অগ্রাধিকার পাবেন ।

৬) যদি কোন এলাকার ৫০ শতাংশের বেশি জনসংখ্যা তপশিলী জাতি / উপজাতি ভুক্ত হয়, তবে সেই এলাকায় পরিষেবা প্রদানের জন্য তপশিলী জাতি / উপজাতি ভুক্ত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে । এটা উল্লেখ্য যে, তপশিলী জাতি / উপজাতি র প্রার্থীরা নুন্যতম আবশ্যিক যোগ্যতা এবং অন্যান্য যোগ্যতা পূরন করলে তবেই তারা এই অগ্রাধিকার পাবেন। যদি তপশিলী জাতি / উপজাতি ভুক্ত আবেদনকারীদের মধ্যে থেকে উপযুক্ত প্রার্থী উক্ত পদের জন্যে উপলব্ধ না হয় তাহলে ওই এলাকায় পরিষেবা প্রদানের জন্য যোগ্য সাধারণ শ্রেণীভুক্ত প্রার্থী / প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে। উক্ত পদে নির্বাচনের ক্ষেত্রে তপশিলী জাতি / উপজাতি র জন্য কোন সংরক্ষণ নেই । কেবল অগ্রাধিকার দেওয়া হবে (স্মারক নং - HFW-27011 / 375 / 2018-NHM SEC-Deptt of H&FW-Part (2)/3692 Dated-03/12/2021) ।

৭) একজন আবেদনকারী কেবলমাত্র একটি আবেদনপত্র জমা দিতে পারবেন । একের অধিক আবেদন করলে তার সমস্ত আবেদনপত্র বাতিল বলে গন্য করা হবে ।

৮) উল্লেখ থাকে যে জনস্বার্থে পরবর্তীতে পরিষেবা প্রদান এলাকার পুনর্বিন্যাস হলে সংশ্লিষ্ট আশা কর্মীর কাজের ক্ষেত্রেও পুনর্বিন্যাস হতে পারে।

৯) আবেদনকারীর সঙ্গে যে সকল প্রমাণ পত্রের স্ব- প্রত্যায়িত প্রতিলিপি অবশ্যই জমা করতে হবে তা নিচে দেওয়া হল :-

ক) বয়সের প্রমাণপত্র হিসাবে জন্ম শংসাপত্র / মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার অ্যাডমিট কার্ড।

খ) এলাকার বাসিন্দা হিসাবে সচিত্র ভোটার পরিচয়পত্র (EPIC) এবং রেশনকার্ড।

গ) পশ্চিমবঙ্গ সরকার কর্তৃপক্ষের দেওয়া জাতিগত প্রমাণপত্র (তপশিলী জাতি, তপশিলী উপজাতির ক্ষেত্রে)।

ঘ) মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার মার্কশীট।

ঙ) উপযুক্ত পশ্চিমবঙ্গ সরকার কর্তৃপক্ষের দেওয়া গ্রেড-১ ও গ্রেড-২ স্বনির্ভর গোষ্ঠীভুক্ত সদস্য / প্রশিক্ষণ প্রাপ্ত দাই এবং লিংক ওয়ার্কার প্রমানপত্র। (প্রযোজ্য হলে) ।

চ) বিবাহিত প্রার্থীর ক্ষেত্রে বিবাহ নিবন্ধীকরণ শংসাপত্র অথবা বিবাহের যে কোন শংসাপত্র, বিবাহ বিচ্ছিনা প্রার্থীর ক্ষেত্রে প্রাসঙ্গিক আইনি প্রমানপত্র, বিধবা প্রার্থীর ক্ষেত্রে তাঁর স্বামীর মৃত্যুর শংসাপত্র জমা দেওয়া প্রয়োজন।

ছ) প্রার্থীর স্বাক্ষরসহ ২ কপি পাসপোর্ট সাইজ (রঙীন)ফটো ।১ কপি আবেদনপত্রের নির্দিষ্ট জায়গায় আটকে দিতে হবে।

জ) ৫ টাকা ডাক টিকিট সহ নিজের নাম ঠিকানা লেখা একটি খাম ।

ঝ) সাম্প্রতিক সচিত্র ভোটার তালিকার বর্তমান অংশ নং, ক্রমিক নং -এর প্রত্যায়িত নকল ।

১০) শংসাপত্র গুলির মধ্যে যে কোনো একটি আবেদন পত্রের সঙ্গে যুক্ত না থাকলে আবেদনপত্র বাতিল করা হবে। ইন্টারভিউ এর সময় প্রার্থীকে অবশ্যই [ক থেকে চ] তে উল্লেখিত প্রমাণ পত্রগুলির আসল দেখাতে হবে।

১১) যে সকল নথিগুলি আবেদন করার সময় আবেদন পত্রের সাথে জমা দেওয়া হবে না সেগুলি পরে জমা দিলে গৃহীত হবে না।

১২) আবেদন পত্রটি খামে ভরে সংশ্লিষ্ট বি.ডি.ও অফিসের ঠিকানায় জমা দিতে হবে। খামের উপরে নিম্নলিখিত তথ্যাবলী অবশ্যই লিখতে হবে ।

| | |
|---|---|
| **"APPLICATION FOR THE POST OF ASHA FOR ............ VILLAGE /AREA UNDER............ HEALTH SUB CENTRE"** | |
| From,<br>APPLICANT'S NAME<br>C/o, W/o, D/o<br>Village<br>P.O.<br>P.S.<br>Dist.<br>PIN Code | To<br>The Office of the Block Development Officer<br>Kakdwip Development Block<br>Village+PO:- Pukurberia,P.S: Kakdwip<br>Dist: South 24 Parganas, PIN- 743347 |

১৩) আবেদনপত্র জমা দেওয়ার স্থান :- কাকদ্বীপ সমষ্টি উন্নয়ন আধিকারিকের করন / Kakdwip B.D.O Office-এ সরাসরি আবেদন পত্র জমা দেওয়া যাবে । ডাকযোগে (স্পীড পোষ্ট /রেজিষ্টার পোষ্ট) প্রেরিত আবেদন গ্রাহ্য হবে, তবে তা নিম্নলিখিত সময়সীমার মধ্যে পৌঁছতে হবে ।

১৪) আবেদনপত্র জমা দেবার তারিখ:০৬/০৯/২০২৪ থেকে ০৪/১০/২০২৪ পর্যন্ত, সকাল ১১ টা থেকে বিকেল ৫ টা অবধি। (রবিবার ও অন্যান্য সরকারি ছুটির দিন ব্যতীত)।

১৫) আবেদন পত্রের সাথে জমা দেওয়া নথিগুলির মধ্যে কোন রকম ভুল / অসংগতি চিহ্নিত হলে আবেদন পত্রটি নির্বাচন প্রক্রিয়ার যে কোন পর্যায়ে বাতিল হয়ে যাবে । এর জন্য সংশ্লিষ্ট ব্লক কর্তৃপক্ষ আবেদনকারীর বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করতে পারেন ।

১৬) উপরিউক্ত শর্তপূরণকারী প্রার্থীদের ইন্টারভিউ এর তারিখ, সময় ও স্থান উল্লেখিত পত্র যোগ্য প্রার্থীদের ঠিকানায় ডাকযোগে প্রেরণ করা হবে।

১৭) অসম্পূর্ন অথবা ত্রুটিপুর্ন আবেদন খারিজ করা হবে এবং পরবর্তীকালে কোনোরকম অনুরোধ/উপরোধ গ্রাহ্য করা হবে না।

১৮) নির্বাচনের পদ্ধতি - ক) মাধ্যমিক পরীক্ষা অথবা সমতুল্য অন্যান্য পরীক্ষাতে মোট প্রাপ্ত নম্বর (৯০ শতাংশ মান্যতা (Weightage)),
খ) ইন্টারভিউ এ প্রাপ্ত নম্বর (১০ শতাংশ মান্যতা (Weightage))

১৯) আবেদন পত্রটি সংযোজনী -১, সংযোজনী -২ (স্ব-ঘোষণা পত্র) এবং উপস্বাস্থ্যকেন্দ্র ভিত্তিক ASHA-দের শূন্যপদের তালিকা সংযোজনী -৩ এ উল্লেখিত হল ।

: সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয়ের ঠিকানা:
**কাকদ্বীপ সমষ্টি উন্নয়ন আধিকারিক**
গ্রাম - পুকুরবেড়িয়া, পো - পুকুরবেড়িয়া, থানা-. কাকদ্বীপ
পিন নং-৭৪৩৩৪৭, জেলা- দঃ ২৪ পরগনা

সমষ্টি উন্নয়ন আধিকারিক
কাকদ্বীপ , দক্ষিণ ২৪ পরগনা

স্মারক সংখ্যা:-১৭৫৪/১(৪৩)/BDO/KDP/2024 তারিখ: ০৫/০৯/২০২৪

**অবগতির জন্য নিম্নলিখিত করণে প্রেরিত হল :-**

১) জেলা শাসক ও জেলা সমাহর্তা, দক্ষিণ ২৪ পরগণা তথা চেয়ারপার্সন, আশা নির্বাচন কমিটি দক্ষিণ ২৪ পরগণা ।
২) অতিরিক্ত নির্বাহী আধিকারিক, (স্বাস্থ্য), দক্ষিণ ২৪ পরগণা ।
৩) মহকুমা শাসক, কাকদ্বীপ মহকুমা, দক্ষিণ ২৪ পরগণা তথা মেম্বার সেক্রেটারি আশা নির্বাচন কমিটি কাকদ্বীপ মহকুমা ।
৪) মূখ্য স্বাস্থ্য আধিকারিক, ডায়মন্ড হারবার জেলা।
৫) ডি. পি. ও (আই. সি. ডি. এস), দক্ষিণ ২৪ পরগনা তথ্য সদস্য আশা নির্বাচন কমিটি।
৬) ডি. পি. এইচ. এন. ও, ডায়মন্ড হারবার স্বাস্থ্য জেলা তথা সদস্য / সদস্যা আশা নির্বাচন কমিটি।
৭ - ৩৫) সভাপতি (সকল পঞ্চায়েত সমিতি), দক্ষিণ ২৪ পরগণা ।
৩৬ - ৩৯) সমষ্টী উন্নয়ন আধিকারিক (সকল ব্লক), কাকদ্বীপ মহকুমা, দক্ষিণ ২৪ পরগণা ।
৪০) ব্লক স্বাস্থ্য আধিকারিক, সকল ব্লক, কাকদ্বীপ মহকুমা, ডায়মন্ড হারবার স্বাস্থ্য জেলা।
৪১) ডি. আই. সি. ও, দক্ষিণ ২৪ পরগনা - কে সংযোজিত বিজ্ঞাপনটি দুটি সংবাদ পত্রে (ইংরাজি ও বাংলা) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৪২) ডি আই ও, এন আই সি, দক্ষিণ ২৪ পরগনা - অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড পরার জন্য প্রেরণ করা হলো।
৪৩) সংশ্লিষ্ট প্রধান .................. (সকল গ্রাম পঞ্চায়েত), কাকদ্বীপ দক্ষিণ ২৪ পরগনা।

সমষ্টি উন্নয়ন আধিকারিক
কাকদ্বীপ , দক্ষিণ ২৪ পরগনা

**GOVERNMENT OF WEST BENGAL**
OFFICE OF THE BLOCK DEVELOPMENT OFFICER
KAKDWIP, SOUTH 24 PARGANAS
VILL+P.O-PUKURBERIA, P.S-KAKWIP
DIST.-SOUTH 24 PARGANAS, PIN-743347
Phone: 8335079067

**পশ্চিমবঙ্গ সরকার**
সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ
কাকদ্বীপ, দক্ষিণ ২৪ পরগণা
গ্রাম -পোঃ- পুকুরবেড়িয়া থানা - কাকদ্বীপ
জেলা- দক্ষিণ ২৪ পরগণা , পিন-৭৪৩৩৪৭
e-mail: bdo.kakdwip@gmail.com

স্মারক সংখ্যাঃ- 1705/BDO/KDP

তারিখঃ- 05/09/2024

## আশা কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি

রাজ্য মিশন অধিকর্তা, জাতীয় গ্রামীণ স্বাস্থ্য মিশনের 27/06/2012 তারিখের পত্র নং HFW/NRHM/-20/2006/(Part II)/1631 এর আদেশনামা , প্রাধান সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির পত্র নং HFW-27011/216/2018-NHM SEC-Dept. Of H&FW/Pt.(1)/679 তারিখ 20/02/2023 এবং দক্ষিণ ২৪ পরগনা জেলার মাননীয় জেলা শাসক মহাশয়েয় করনের (স্বাথ্য বিভাগ) 16/08/2024 তারিখের সিদ্ধান্ত অনুযায়ী ( পত্র নং -79(5)/H/S-24 Pgs/2024 তারিখ 16/08/2024), দক্ষিণ ২৪ পরগনা জেলার কাকদ্বীপ মহাকুমার কাকদ্বীপ ব্লকের 17 টি শূন্য পদে আশা কর্মী নিয়োগ করার উদ্দেশ্যে নির্দিস্ট পরিষেবা প্রদান এলাকার বসবাসকারী যোগ্য মাহিলা প্রার্থীর কাছ থেকে আবেদন পত্র আহ্বান করা হচ্ছে।

বিশদে জানতে কাকদ্বীপ ব্লকের অধীনস্থ শ্রীনগর/মধুসুদনপুর/ প্রতাপাদিত্যনগর/নেতাজী/ স্বামী বিবেকানন্দ/ শ্রী শ্রী রামকৃষ্ণ / রবিন্দ্র/ ঋষি বঙ্কিম চন্দ্র / সূর্য্নগর, গ্রাম পঞ্চায়েত কার্যালয় ও বি. ডি. ও অফিসে যোগাযোগ করুন। প্রয়োজনে জেলা website (https://s24pgs.gov.in/) দেখুন।

আবেদন পত্র জমা দেওয়ার স্থানঃ –কাকদ্বীপ বি. ডি. ও অফিস

আবেদন পত্র জমা দেওয়ার তারিখঃ- 06/09/2024 থেকে 04/10/2024 পর্যন্ত।

সময় 11.00 টা থেকে বিকেল 5.00 পর্যন্ত (ছুটির দিন ব্যতীত)

Block Development Officer
Kakdwip, 24 Parganas (S)

সমষ্টি উন্নয়ন আধিকারিক
কাকদ্বীপ ব্লক, দক্ষিণ ২৪ পরগনা

সংযোজনী - ১

# দক্ষিণ ২৪ পরগণা ASHA পদের জন্য আবেদন পত্র - ২০২৪

| | | |
|---|---|---|
| For Office Use Only<br>Received On ........./ ........./.2022<br><br>Block / GP Code/ Sansad / Sl No.<br><br>______/______/______/______ | সমষ্টি (ব্লক)<br><br>প্রতি<br>সমষ্টি (ব্লক) উন্নয়ন আধিকারিক,<br>কাকদ্বীপ সমষ্টি (ব্লক)<br>এতদ্বারা নিম্ন বিবৃত বিশদ ও সংলগ্নীকৃত নথিসহ আমার আবেদন পত্র দাখিল করছি । | প্রার্থীর পাসপোর্ট মাপের সাম্প্রতিক স্বাক্ষরসহ রঙীন ছবি আঠা দিয়ে লাগান । (পিন/স্টেপল / সেলাই করবেন না ). |
| আবেদনকারীর নাম : | গ্রাম পঞ্চায়েতের নাম : | উপস্বাস্থ্য কেন্দ্রের নাম : |

| | |
|---|---|
| জন্মতারিখ : DD/MM/YYYY | বয়স (০১.০১.২০২৪ - এর ভিত্তিতে : ............... বছর ..........মাস. ......দিন) |
| স্বামী :- | পিতা :- |

| | | | |
|---|---|---|---|
| সাধারন বসবাসের ঠিকানা | গ্রাম :- | | পোঃ- |
| | থানা :- | জেলা :- | পিন :- |
| মোবাইল নং | | আধার কার্ড নং:- | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| বৈবাহিক স্থিতি (প্রযোজ্য স্থানে ✓ চিহ্ন দিন) | বিবাহিতা | | বিবাহ বিচ্ছিন্না | | বিধবা | |

উপস্বাস্থ্যকেন্দ্র হতে বসবাস ঠিকানার দুরত্ব (কি. মি ) :-

| | |
|---|---|
| SC/ST (প্রযোজ্য হলে) | Ration Card নং |

| ০১/০১ /২০২৪ তারিখে সাম্প্রতিক ভোটার লিস্ট অনুসারে | সচিত্র পরিচয় পত্র নং | অংশ নং | ক্রমিক নং |
|---|---|---|---|
| আবেদনকারীর | | | |
| স্বামীর | | | |
| পিতা | | | |

*মাধ্যমিক বা সমতুল পরীক্ষার বিশদ বিবরণ (অতিরিক্ত বিষয় ছাড়া) :-*

| পরীক্ষার নাম | বোর্ড | পরীক্ষায় বসার বৎসর | মোট নম্বর | প্রাপ্ত নম্বর | শতকরা (%) |
|---|---|---|---|---|---|
| | | | | | |

**নিম্নলিখিত স্ব-প্রত্যয়িত নকল আবেদন পত্রের সাথে সংযোজন করা হল**

১) অ্যাডমিট কার্ডের জন্য প্রার্থীর স্বাক্ষর সহ সাম্প্রতিক রঙীন পাসপোর্ট ছবি ।
২) ৫ টাকা ডাক টিকিট সহ নিজ ঠিকানা লেখা খাম ।
৩) মাধ্যমিক বা সমতুল পরীক্ষার অ্যাডমিট / জন্ম তারিখের শংসাপত্র ।
৪) মাধ্যমিক বা সমতুল পরীক্ষার মার্কশীট ।
৫) নির্বাচন পরিচয় পত্র (EPIC Card) এবং রেশন কার্ড ।
৬) বিবাহ নিবন্ধীকরণ শংসাপত্র / বিবাহ বিচ্ছিনা প্রাসঙ্গিক আইনি প্রমানপত্র / স্বামীর মৃত্যুর শংসাপত্র (যেটি প্রযোজ্য) ।
৭) SC/ST শংসাপত্র (প্রযোজ্য হলে) ।
৮) স্ব-নির্ভরগোষ্ঠী / প্রশিক্ষনপ্রাপ্ত দাই এবং লিংক ওয়ার্কার এর শংসাপত্র ।
৯) সাম্প্রতিক ভোটার তালিকার বর্তমান অংশ নং, ক্রমিক নং - এর নকল ।

**ঘোষণা**

আমি পূর্ণ জ্ঞান ও বিশ্বাস সহ ঘোষণা করছি যে, উপরি বর্ণিত তথ্যাদির প্রমান নথি মূল সত্য । কোন তথ্য ভবিষ্যতে মিথ্যা প্রমাণিত হলে আমার আবেদনপত্র, তা সে যে অবস্থাতেই থাকুক, বাতিল বলে গণ্য হবে এবং আমি কোন অসাধু প্রভাব খাটানোর চেষ্টা করলে কর্তৃপক্ষ আমার প্রার্থীপদ খারিজ করে দিতে পারেন ।

**স্থান ও তারিখ :**

আবেদনকারীর পূর্ণ স্বাক্ষর

সংযোজনী - ২

<u>আবেদনকারী বৈবাহিক অবস্থার জন্য স্ব-ঘোষণা (বিবাহিত / বিধবা / বিবাহ বিচ্ছিনা)</u>

আমি শ্রীমতি ______________________ পিতা / স্বামী ______________________

______________________ (এলাকা) অধীন ______________ উপ স্বাস্থ্য কেন্দ্রের **আশা** পদের জন্য আবেদন করছি ।

**আমি এতদ্বারা ঘোষণা করছি যে :-**

১) আমি ______________________ গ্রাম ______________ পোঃ ______________
থানা ______________ পিন নং ______________ বাসিন্দা ।

২) আমি শ্রী (স্বামীর নাম) ______________________ পিতা ______________ এর সাথে
______________ বছর বৈবাহিক বন্ধনে আবদ্ধ আছি ।

**অথবা**

৩) আমার স্বামী শ্রী ______________________ পিতা ______________ পরলোক গমন করিয়াছেন । তার মৃত্যুর তারিখ ______________ ।

**অথবা**

৪) আমার ______________ বছর পূর্বে শ্রী ______________________ পিতা ______________ এর সাথে বিবাহ বিচ্ছেদ হয়েছে ।

আমি ঘোষণা করছি যে আমার দেওয়া উপরের তথ্যাবলী আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য ও সঠিক ।

**তারিখ :**

______________________

**আবেদনকারীর পূর্ণ স্বাক্ষর**

সংযোজনী- ৩

# Block List
## Vacancy of ASHA in Kakdwip Block

| Sl No. | Name of Block | Name of G.P. | Name of Sub-Centre | Name of Village / Hamlets/ Service area to be covered by ASHA | Name of Vacancy | Preference of SC/ ST given if any |
|---|---|---|---|---|---|---|
| 1 | Kakdwip | Surjanagar | Surjanagar | Bajarberia<br>Myat Para | 1 | SC |
| 2 | Kakdwip | Srinagar | Raghunathpur | Raghunathpur | 1 | SC |
| 3 | Kakdwip | Pratapadityanagar | Ganeshpur 3rd Gheri | Purba Gobindapur & Paschim Gobindapur | 1 | .... |
| 4 | Kakdwip | Rabindra | Mrinalnagar | Jaharpur | 1 | .... |
| 5 | Kakdwip | | Manmathapur | Uttar Kumaraara<br>Dakshin Kumor Aara<br>Manmathapur | 1 | SC |
| 6 | Kakdwip | Madhusudanpur | Madhusudanpur | Madhab Sing-er Gheri<br>Dakshin Majher Para & Uttar Majher Para | 2 | SC |
| 7 | Kakdwip | | | Bamunlat<br>Janapara<br>Shibkalinagar Coloni Para | | SC |
| 8 | Kakdwip | | Shibkalinagar | Bamunlat<br>Janapara<br>Shibkalinagar Coloni Para & Banubarer Chak | 1 | SC |
| 9 | Kakdwip | Netaji | Shibnagar | Shibnagar Majher Para & Shibnagar Majher Para | 2 | .... |
| 10 | Kakdwip | | | Shibnagar Dakshin Para & Shibnagar Paschim Para | | .... |

Office of the Block Development Office * Kakdwip South 24 Pgs.

| Sl No. | Name of Block | Name of G.P. | Name of Sub-Centre | Name of Village / Hamlets/ Service area to be covered by ASHA | Name of Vacancy | Preference of SC/ ST given if any |
|---|---|---|---|---|---|---|
| 11 | Kakdwip | Swami Vivekananda | Ahalla Coloni | Steamer Ghat Paschim | 1 | SC |
| 12 | Kakdwip | Sri Sri Ramkrishna | Maitir Chak | Uttar Maitir Chak | 1 | SC |
| 13 | Kakdwip | Netaji | Ramchandranagar | Manik Thakur Chak | 2 | .... |
| 14 | Kakdwip | | | Uttar Para<br>Dakshin Purba Ramchandranagar & Majher Para<br>Dakshin Para | | .... |
| 15 | Kakdwip | Rabindra | Gopalnagar | Baikunthapur | 1 | .... |
| 16 | Kakdwip | | Hesemabad | Dakshin Durgapur & Sanpukur Uttar Durgapur | 1 | .... |
| 17 | Kakdwip | Rishi Bankim Chandra | Gangadharpur | Dakshin Para & Majher Para Paschim | 1 | .... |

Office of the Block Development Office ✶ Kakdwip South 24 Pgs ✶

**Block Development Officer**
**Kakdwip, South 24 Parganas**
Block Development Officer
Kakdwip, 24 Parganas. (S)